

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা নং-৩

## সম্পূরক পরিপত্র

স্মারক নং- ভূঃ মঃ / শা-৩/ কর-১৫/৯৪/৫৭৫(৬৪)

তারিখ : ৮ই ভাদ্র, ১৪০১ বাং।

২৩শে আগষ্ট, ১৯৯৪ ইং।

প্রাপক : জেলা প্রশাসক,  
..... জেলা।বিষয় : বিভিন্ন প্রত্যাশী সংস্থার অনুকূলে অধিগ্রহণকৃত জমির ভূমি উন্নয়ন কর আদায় প্রসংগে।

ভূমি মন্ত্রণালয়ের গত ৩০/৫/৯৪ইং ১৬২/১৪০১বাং তারিখের ভূঃমঃ/শা-৩/কর ১৫/৯৪/৩৪৮(৬৮) নং স্মারকে জারীকৃত পরিপত্রের “খ” অনুচ্ছেদের প্রয়োগ সম্পর্কে মাঠ পর্যায়ে কোথাও কোথাও কিছু বিভ্রান্তি দেখা দিয়েছে বলে মন্ত্রণালয় অবগত হয়েছে। সকল বিভ্রান্তি দূরীকরণের লক্ষ্যে মন্ত্রণালয় সুস্পষ্টভাবে জানাচ্ছে যে, রাজউক/সিডিএ/কেডিএ ইত্যাদি সংস্থার অধিগ্রহণকৃত জমি যে বাংলা বছরে অধিগ্রহণ করা হয় সে সময় থেকে পুনঃবরাদ্দ প্রদান পর্যন্ত সময়ের ভূমি উন্নয়ন কর প্রত্যাশী সংস্থার নিকট থেকে আদায় করতে হবে এবং সে জন্য আলাদা হিসাব সংরক্ষণসহ বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য প্রচলিত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩০/৫/৯৪ইং তারিখের পূর্বে চূড়ান্ত নিষ্পত্তি হয়নি এমন সকল কেসের ক্ষেত্রে পরিপত্রটি কার্যকর হবে।

২। উক্ত সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/

আবদুল মুয়ীদ চৌধুরী

ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব

ভূমি মন্ত্রণালয়।

নং- ভূঃমঃ/ মা-৩/ কর-১৫/৯৪/৫৭৫(৬৪)

তারিখ : ৮ ই ভাদ্র, ১৪০১ বাং।

২৩ শে আগষ্ট, ১৯৯৪ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেনগুন বাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/ বরিশাল, বিভাগ।
- ৫। চেয়ারম্যান, রাজউক/ কেডিএ/ সিডিএ।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী জেলা।
- ৭। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়।
- ৮। ভূমি মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা।

স্বা/- (মুহাম্মদ আব্দুল আলীম খান)

উপ সচিব (আইন)।